


- ১ -
ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। প্রাক্কলনের কপি।


বিষয়: পবিত্র রমজান মাস উপলক্ষ্যে মডস জোন-২ এর অভিযোগ কেন্দ্রে ডিউটিরত কর্মকর্তা-কর্মচারীদের ইফতারী করণের লক্ষ্যে প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে অন্যান্য বছরের ন্যায় এবছরও অত্র জোনের অভিযোগ কেন্দ্রে ডিউটিরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য ইফতারীর ব্যবস্থা করা হয়েছে। অত্র জোনের বিভিন্ন এলাকায় পবিত্র রমজান মাসে জরুরী পানি সরবরাহ কাজে পানির গাড়ীর চালক ও হেলপার, পানির লাইন লিকেজ মেরামত কাজে পিএলআই/পিএলএম/এপিএলএম এবং স্যুয়ার ওভারফ্লো নিরসন কাজে স্যুয়ার পরিদর্শক/স্যুয়ার ক্লিনার নিয়োজিত থাকে। রমজান মাসে কোথাও জরুরী পানির চাহিদা দেখা দিলে পানির গাড়ীর দ্বারা পানি সরবরাহ করা হয়। তৎপ্রেক্ষিতে অত্র জোনে ডিউটিরত কর্মকর্তা ও জরুরী পানি সরবরাহ কাজে নিয়োজিত কর্মচারীসহ সর্বমোট ১৬ জনের পহেলা রমজান হতে ১৫তম রমজান পর্যন্ত ১৫ দিনের জন্য ইফতারী করণের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহাতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়াইয়াছে টাঃ=২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৬৩ এর পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে মডস জোন-২ এর অভিযোগ কেন্দ্রে ডিউটিরত কর্মকর্তা ও জরুরী পানি সরবরাহ কাজে নিয়োজিত কর্মচারীসহ সর্বমোট ১৬ জনের পহেলা রমজান হতে ১৫তম রমজান পর্যন্ত ১৫ দিনের জন্য ইফতারী করণের লক্ষ্যে সর্বমোট টাঃ= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর-২০০৮ এর ৮১/১ ধারা অনুযায়ী সরাসরি ক্রয় হিসাবে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। সবিনয়ে উপস্থাপন করা হ'ল।



২৬/০২/২৫
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


২৬/০২/২০২৫
নোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


২৬/০২/২৫
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


২৬/০২/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


০৬


২৬/০২
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।